দৈনিক
আমাদের সময়

তারিখ: 14 JAN 2017
পৃষ্ঠা: ৬ কলাম: ৫

# প্রধান শিক্ষিকা থাকেন মাসে দুদিন

জকিগঞ্জ প্রতিনিধি ●

জকিগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা রওশনারা বেগম মাসে দুই দিন বিদ্যালয়ে আসেন। ফলে জেলা শহর থেকে ৯১ কিলোমিটার দূরের নারী শিক্ষার এই প্রতিষ্ঠানটির শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে ক্ষোভ দেখা দিয়েছে। বিদ্যালয় সূত্রে জানা গেছে, ২০১৪ সালের ১৯ জুলাই প্রধান শিক্ষক পদে পদোন্নতি পেয়ে রওশনারা বেগম জকিগঞ্জ সরকারি বালিকা বিদ্যালয়ে যোগদান করেন। এর পর থেকেই তিনি মাসে দুই দিনের বেশি বিদ্যালয়ে আসেন না। হাজিরা খাতায় তিনি তার নামও লিখেননি, স্বাক্ষরেরও কোনো ব্যবস্থা নেই। মাসে একদিন এসে বেতন বিলে স্বাক্ষর করেন, আর একদিন বেতন ভাতা-উত্তোলন করে নিয়ে যান।

## জকিগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

প্রধান শিক্ষিকা সিলেট শহরের বাগবাড়ী এলাকার বাসায় অবস্থান করেন। তার সঙ্গে মোবাইল ফোনে বারবার যোগাযোগের চেষ্টা করার পর তিনি ফোন রিসিভ করেন, তবে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে অনীহা প্রকাশ করেন।

এ ব্যাপারে উপজেলা চেয়ারম্যান ইকবাল আহমদ বলেন, সরকার শিক্ষার উন্নয়নে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে আসছে। অথচ এ ধরনের কিছু শিক্ষকের কারণেই সরকারের উদ্দেশ্য ব্যাহত হচ্ছে। এ শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার দাবি জানান তিনি।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ মোবাশশ্বেরুল ইসলাম বলেন, প্রধান শিক্ষিকাকে নিয়মিত বিদ্যালয়ে আসার জন্য আমি বারবার বলেছি। তিনি কথা শুনেননি, এমনকি জাতীয় দিবসের অনুষ্ঠানেও তাকে পাওয়া যায়নি। সিলেটের মাধ্যমিক শিক্ষা আঞ্চলিক উপ-পরিচালক জাহাঙ্গীর কবির আহমদ বলেন, নিয়ম অনুযায়ী প্রধান শিক্ষককে কর্মস্থলে অবশ্যই অবস্থান করতে হবে। কর্মস্থলে অনুপস্থিত থাকলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।